


**KNOW YOUR RIGHTS***While Traveling*

- টিএসএ এবং সিবিপি আপনার ধর্মীয়, জাতিগত বা ঐতিহ্য সংক্রান্ত বৈশিষ্ট্যের জন্য আপনাকে অতিরিক্ত স্ক্রিনিং বা প্রশ্নের সম্মুখীন করতে পারে না।
- সিবিপি জোর করে আপনার ইলেকট্রনিক যন্ত্র দখল করতে পারে, কিন্তু তারা আপনাকে সেগুলো আনলক করার জন্য জোর করতে পারবে না। সিবিপি স্বীকৃত পরিমাণ তথ্য পরীক্ষা করতে পারবে সে ব্যাপারে বাধ্য বাধকতা রয়েছে। আরো তথ্যের জন্য সিএআইআর-এর সাথে যোগাযোগ করুন।
- জবাব না দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার প্রেক্ষিতে, যুক্তরাষ্ট্রে নাগরিকদের প্রবেশ নিষেধ করা যায় না। তবে, আপনার অধিকার ব্যবহার করার ফলে কিছু বিলম্ব সৃষ্টি হতে পারে।
- ভ্রিন কার্ডধারী ব্যক্তিদের ভ্রমণ সংক্ষিপ্ত এবং ইউএসসি ১১০১(এ)(১৪) অনুযায়ী নিরপরাধ হলে তাদের প্রবেশ নিষেধ করা যায় না। তবে, আপনার অধিকার ব্যবহার করার ফলে কিছু বিলম্ব সৃষ্টি হতে পারে।
- সহযোগিতা না করলে অ-নাগরিক ভিসা প্রাপ্তদের দেশে প্রবেশ নিষেধ করা হতে পারে। দেশ ত্যাগ করার আগে একজন আইনজীবীর সাথে কথা বলে নিন।
- ভ্রমণের ক্ষেত্রে সিএআইআর-এর কাছে রিপোর্ট করুন।

সারাংশ



এই তথ্য আইনি পরামর্শ বিবেচনা করা উচিত নয়।

KNOW YOUR RIGHTS*While Traveling*WWW.CAIR.COM

Council on American-Islamic Relations

টিএসএ স্কিনার যা পারবে না

- + ধর্মীয়, জাতিগত বা ঐতিহ্য সংক্রান্ত বৈশিষ্ট্যের জন্য আপনাকে অতিরিক্ত স্ক্রিনিং বা প্রশ্নের সম্মুখীন করতে।
- + আপনি আইন ভঙ্গ করছেন এমন বিশ্বাসযোগ্য তথ্য ছাড়াই আপনাকে সাধারণ জিজ্ঞাসাবাদ করতে। যেমন, তারা আপনাকে আপনার ব্যক্তিগত জীবন, আপনি কোথায় সময় কাটান, কাজ, বা উপাসনা সংক্রান্ত প্রশ্ন করতে পারবে না।
- + আপনাকে হাতকড়া পরানো বা নগ্ন করে সার্চ করা।

সিবিপি যা পারে:

- + যে ব্যাপারে জিজ্ঞেস করতে পারে:
 - আপনার নাগরিকত্ব
 - আপনার ভ্রমণের প্রকৃতি বা উদ্দেশ্য
 - এমন কোন জিনিস যা আপনি মার্কিন যুক্তরাষ্ট্রে ফেরত নিয়ে যাচ্ছেন কিন্তু ভ্রমণের উদ্দেশ্যে বের হওয়ার সময় তা আপনার সাথে ছিল না।
- + আপনার মালপত্র এবং এর ভেতরের সবকিছু পরীক্ষা করতে
- + আপনার ইলেকট্রনিক যন্ত্র দখল করতে পারে, কিন্তু তারা আপনাকে সেটা আনলক করার জন্য জোর করতে পারবে না। সিবিপি কী পরিমাণ তথ্য পরীক্ষা করতে পারবে সে ব্যাপারে বাধ্য বাধকতা রয়েছে। আরো তথ্যের জন্য আপনার স্থানীয় সিএআইআর চ্যাপ্টারের সাথে যোগাযোগ করুন।

সিবিপি যা পারে না:

- + ধর্মীয়, জাতিগত বা ঐতিহ্য সংক্রান্ত বৈশিষ্ট্যের জন্য আপনাকে অতিরিক্ত স্ক্রিনিং বা প্রশ্নের সম্মুখীন করতে।
- + আপনি আইন ভঙ্গ করছেন এমন বিশ্বাসযোগ্য তথ্য ছাড়াই আপনাকে সাধারণ জিজ্ঞাসাবাদ করতে। যেমন, তারা আপনাকে আপনার ব্যক্তিগত জীবন, আপনি কোথায় সময় কাটান, কাজ, বা উপাসনা সংক্রান্ত প্রশ্ন করতে পারবে না।

আপনি যখন বর্ডারে আপনার অধিকার ব্যবহার করতে চান তখন আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস তাতে কি প্রভাব ফেলে?

- + জবাব না দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার প্রেক্ষিতে, যুক্তরাষ্ট্রে নাগরিকদের প্রবেশ নিষেধ করা যায় না। তবে, আপনার অধিকার ব্যবহার করার ফলে কিছু বিলম্ব সৃষ্টি হতে পারে।
- + গ্রিন কার্ডধারী ব্যক্তিদের ভ্রমণ সংক্ষিপ্ত এবং ইউএসসি ১১০১(এ)(১৪) অনুযায়ী নিরপরাধ হলে তাদের প্রবেশ নিষেধ করা যায় না। তবে, আপনার অধিকার ব্যবহার করার ফলে কিছু বিলম্ব সৃষ্টি হতে পারে।
- + সহযোগিতা না করলে অ-নাগরিক ভিসা প্রাপ্তদের দেশে প্রবেশ নিষেধ করা হতে পারে। দেশ ত্যাগ করার আগে একজন আইনজীবীর সাথে কথা বলে নিন।

একজন এয়ারলাইন যাত্রী হিসেবে, এয়ারলাইন এবং নিরাপত্তা কর্মীদের কাছ থেকে আপনি বিনীত এবং সম্মানজনক আচরণ পাওয়ার অধিকারী। আপনার প্রতি আচরণ যদি বৈষম্যমূলক হয়েছে বলে আপনার বিশ্বাস হয় তাহলে আপনার অভিযোগ জানানোর অধিকার রয়েছে। যদি আপনার মনে হয় যে আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, শীঘ্রই:

- + ঘটনার সাথে জড়িত সকল ব্যক্তির নাম এবং আইডি জানতে চান। এই তথ্যগুলো নিশ্চিতভাবে লিখে রাখুন।
- + একজন সুপারভাইজারের সাথে কথা বলার জন্য ইচ্ছা প্রকাশ করুন।
- + জিজ্ঞেস করুন যে আপনাকে আপনার নাম, উপস্থিতি, পরিচ্ছদ, জাতি, ঐতিহ্য, বিশ্বাস বা জাতীয়তা মূলের জন্য আলাদাভাবে দেখা হচ্ছে কিনা।
- + সাক্ষীদেরকে তাদের নাম এবং যোগাযোগের তথ্য জানাতে বলুন।
- + ঘটনাটি ঘটনার সাথে সাথে সত্য তথ্য সম্বলিত একটি বিবৃতি লিখুন। ফ্লাইট নম্বর, ফ্লাইটের তারিখ, এবং এয়ারলাইনের নাম লিখতে ভুলবেন না।
- + একটি অভিযোগ দায়ের করার জন্য সিএআইআর-এর সাথে যোগাযোগ করুন।
- + একজন পাইলট যদি পর্যবেক্ষণের সাপেক্ষে যৌক্তিক ভাবে বিশ্বাস করেন যে কোনো যাত্রী ফ্লাইটের নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ, তিনি যাত্রীকে প্লেনে ওঠাতে প্রত্যাখ্যান করতে পারেন। কিন্তু একজন পাইলট আপনাকে প্রশ্ন করতে পারেন না বা আপনার ধর্ম, জাতীয়তা মূল, লিঙ্গ, ঐতিহ্য, বা রাজনৈতিক বিশ্বাসের মতন পক্ষপাতমূলক গতানুগতিকতার ভিত্তিতে আপনাকে ফ্লাইটে ওঠা থেকে বিরত করতে পারেন না।

